

শ্রীরামকৃষ্ণ আগ্রম ইনস্টিটিউট (হাইস্কুল)
। নিজে পড়ো । (দশম শ্রেণি : বাংলা)

পাঠের নাম > হারিয়ে যাওয়া কালি কলম

রচয়িতার নাম > শ্রীপাল [নিখিল সরকার] (পরিচিত বই / পাঠ্যবই থেকে রচয়িতার পরিচয় পাঠ করবে)

উৎস > কালি কলম মন

মূলভাব > আধুনিক সভ্যতা ক্রমে হয়ে উঠেছে যন্ত্রনির্ভর। যন্ত্রের ক্রমাগত উত্তরন ও পরিবর্তনই বর্তমানে আধুনিকতার মাপকাঠি। যা কিছু পুরানো তাকে নস্যাৎ করে সভ্যতার চাকা এগিয়ে চলে। লিখন সামগ্রীর কলম থেকে কম্পিউটার অবধি যাত্রা সেই যান্ত্রিকতার নিদর্শন। এই যাত্রা পথের বর্ণনা লিখিত হয় ইতিহাসের পাতায়। ব্যক্তিগত অভিজ্ঞতা ও জ্ঞানের মাধ্যমে প্রাবন্ধিক সেই ইতিহাসের ধারাবাহিক বর্ণনা দিয়েছেন। সুমেরীয় সভ্যতা থেকে কলমের অবলুপ্তির এই ইতিহাস মানবসভ্যতার শিকড়টিকে ছুঁয়ে থাকে।

শব্দছক >

শব্দ	অর্থ	পদ	ব্যাকরণগত পরিচয়
ত্রিফলা	হরীতকী, আমলকী, বিভীতকি এই তিন ফল	বি	ত্রি ফলের সমাহার - সমাহার দ্বিগু
মসি	লেখার কালি	বি	√/ মস্ + ই
উইলিয়াম জোন্স	ইংরেজ ভাষাতাত্ত্বিক	বি	সংজ্ঞাবাচক বিশেষ্য
ব্লটিং পেপার	কালি শোধনের জন্য ব্যবহৃত কাগজ	বি	ব্লট করার পেপার - মধ্যপদলোপী কর্মধারয়
শ্রুতিলেখক	শুনে শুনে যিনি লেখেন	বি	তৎসম শব্দ
শলাকা	সরু কাঠি	বি	তৎসম শব্দ

নমুনা প্রশ্ন ও উত্তর

• **বহু বিকল্পভিত্তিক প্রশ্নাবলি** ঃ

- ক) শ্রীপাল কোন সংবাদপত্রের সম্পাদকীয় বিভাগে চাকরি করতেন? ক) এইসময় খ) **আনন্দবাজার পত্রিকা**
গ) বর্তমান ঘ) দ্য টেলিগ্রাফ
- খ) যারা ওস্তাদ কলমবাজ তাঁদের বলা হত ক) চিত্রকর খ) লিপিবাজ গ) **লিপিকুশলী** ঘ) শ্রুতিধর

• অতি সংক্ষিপ্ত প্রশ্নোত্তর (কমবেশি ১৫ শব্দ):

১) প্রাবন্ধিক ফিনিসিয়ান হয়ে জন্মালে কি দিয়ে কলম তৈরি করতেন?

উঃ প্রাবন্ধিক খ্রিস্টের জন্মের আগে ফিনিসিয়ান হয়ে জন্মালে পশুর হাড় দিয়ে কলম তৈরি করতেন।

২) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের কোন পেনের নেশা ছিল?

উঃ শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের ফাউন্টেন পেনের নেশা ছিল।

৩) প্রথম দিকে ফাউন্টেন পেনের নাম কী ছিল?

উঃ প্রথম দিকে ফাউন্টেন পেনের নাম ছিল রিজার্ভার পেন।

৪) গ্রামাঞ্চলে কেউ দু একটা পাশ দিতে পারলে বুড়ো বুড়িরা কি বলে আশীর্বাদ করতেন?

উঃ গ্রামাঞ্চলে কেউ দু একটা পাশ দিতে পারলে বয়স্করা আশীর্বাদ করতেন এই বলে – বেঁচে থাকো বাছা, তোমার সোনার দোয়াত কলম হোক।

৫) একটা বিদেশি কাগজে কীসের বিজ্ঞাপন দেখেছিলেন প্রাবন্ধিক?

উঃ একটা বিদেশি কাগজে প্রাবন্ধিক ফাউন্টেন পেনের বিজ্ঞাপন দেখেছিলেন। ওঁদের তহবিলে সাতশো রকমের নিব ছিল।

• বচনাধর্মী প্রশ্নোত্তর (কমবেশি ১৫০ শব্দ)

১। সব মিলিয়ে লেখালেখি রীতিমতো ছোটখাটো একটা ‘অনুষ্ঠান।’ – ‘অনুষ্ঠান’ শব্দটি কোন প্রসঙ্গে ব্যবহৃত হয়েছে?
লেখালেখির অনুষ্ঠানের বর্ণনা দাও। ১+৪ = ৫

উঃ প্রাবন্ধিক শ্রীপাল তার ‘হারিয়ে যাওয়া কালিকলম’ প্রবন্ধে (মূলগ্রন্থ কালি কলম মন) কলমের সুপ্রাচীন ঐতিহাসিক ধারাবাহিকতাকে ফুটিয়ে তুলেছেন।

অনুষ্ঠান শব্দের প্রাসঙ্গিকতা -> “অনুষ্ঠান” শব্দের অর্থ আয়োজন। আধুনিক বলপেন আসার আগে লেখার উপকরণ ছিল কালি, কলম আর দোয়াত। এই উপকরণগুলি আয়োজন করার প্রসঙ্গেই প্রাবন্ধিক “অনুষ্ঠান” শব্দটি ব্যবহার করেছেন।

অনুষ্ঠানের বর্ণনা -> গ্রামবাংলায় জন্মগ্রহণ করা শ্রীপালের সঙ্গে কলমের সম্পর্ক ছিল বেশ নিবিড়। প্রাবন্ধিকরা কলম তৈরি করতেন রোগা বাঁশের কঞ্চি কেটে। কালি যাতে ধীরে ধীরে চুইয়ে পড়ে তার জন্য কলমের সূচালো মুখে চিরে দিতে হত। কলমের সাথে সাথে কালিও তৈরি করতেন প্রাবন্ধিক ও তার সমবয়সীরা। রান্নাঘরের কড়াইয়ের তলার কালি লাউপাতা দিয়ে ঘষে তুলে পাথরের বাটির জলে তা গুলে নেওয়া হত। তাতে পোড়া আতপ চাল বাটা, হরিতকী মিশিয়ে পোড়া খুন্টি দিয়ে ছাঁকা দিয়ে ছেকে নিলেই তৈরি হত কালি। প্রাচীনরা বলতেন –

‘তিল ত্রিফলা সিমুল ছালা
ছাগ দুক্ষে করি মেলা
লৌহপাত্রে লোহায় ঘসি
ছিঁড়ে পত্র না ছাড়ে মসি।’

কোলকাতা শহরে এসে প্রাবন্ধিক ব্যবহার করতেন দোয়াত আর নিবের কলম। কালিট্যাবলেট ব্যবহার করে তখন কাঠের দোয়াতে কালি বানানো হত। তবে তৈরি কালি ও বিক্রি হত দোয়াতে বা বোতলে। লেখা শুকনো করার জন্য বালির ব্যবহার লুপ্ত হয়ে এল ব্লটিং পেপার। সবশেষে ফাউন্টেন পেন এসে লেখালেখির অনুর্তানকে সংকুচিত করে দিল এবং ধীরে ধীরে লেখালেখির এত আয়োজন বিলুপ্ত হল।

অনুশীলনী

১) সঠিক উত্তরটি নির্বাচন করো ঃ

১.১ শ্রীপাত্দের প্রকৃত নাম ক) নিখিল নন্দী খ) নিখিল চন্দ্র গ) নিখিল সরকার ঘ) নিখিল সাহা

১.২ প্রাবন্ধিকদের বাড়ির রান্না হত ক) কয়লার উনুনে খ) কাঠের উনুনে গ) চুল্লিতে ঘ) স্টোভে

১.৩ ব্রোঞ্জের ধারালো শলাকাকে বলা হত ক) জ্ঞানাজ্ঞান শলাকা খ) কুইল গ) রিজার্ভার পেন ঘ) স্টাইলাস

১.৪ ডজন দুয়েক ফাউন্টেন সংগ্রহে ছিল - ক) শৈলজানন্দের খ) শরৎচন্দ্রের গ) সত্যজিৎ রায়ের
ঘ) স্বয়ং শ্রীপাত্দের

১.৫ উনিশ শতকে বারো আনায় অক্ষর লেখানো হত ক) ৩২ হাজার খ) ৪২ হাজার গ) ২৩ হাজার
ঘ) ৩৩ হাজার

২) কম-বেশি ২০টি শব্দে প্রশ্নগুলোর উত্তর দাও

প্রশ্নমান ঃ ১

২.১ বাংলায় একটা কথা চালু ছিল - বাংলায় চালু কথাটি কি ছিল?

২.২ চিনারা চিরকাল কী দিয়ে লিখে আসছে?

২.৩ লর্ড কার্জন বাঙালি সাংবাদিকদের কী বলতেন?

২.৪ ওয়াটার ম্যান কে ছিলেন?

২.৫ লিপিশিল্প কী?

৩) কম-বেশি ১৫০ শব্দে উত্তর দাও:

প্রশ্নমান ঃ ৫

৩.১ শ্রীপাত্দের শৈশবে কালি ও কলম তৈরির কী বর্ণনা পাঠে বিবৃত নিজের ভাষায় লেখো।

৩.২ ফাউন্টেন পেনের আদি নাম কী? ফাউন্টেনের জন্ম বৃত্তান্তটি লেখো।

৩.৩ লিপিকুশলী কাদের বলা হয়? পাঠ্য থেকে তাদের সম্পর্কে যা জেনেছ লেখো।

৩.৪ “আশ্চর্য, সবই আজ অবলুপ্তির পথে” - মন্তব্যটির মর্মার্থ বুঝিয়ে দাও।

বি দ্র :>

- ছাত্রছাত্রীদের পাঠ বুঝতে যদি সমস্যা হয়, তবে নিজের বক্তব্য মন্তব্য কোষে (comment box) পাঠাও।
- নিজের নাম, শ্রেণি, বিভাগ, ক্রমিক সংখ্যা ও যোগাযোগ নম্বর উল্লেখ করবে।
- আমরা সরাসরি তোমাদের সঙ্গে যোগাযোগ করে নেবো।

সুমিত দলুই